

## আন্তর্জাতিক পরিবার দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

১৫ মে ২০০৪

এ বছরের আন্তর্জাতিক পরিবার দিবস বিশেষ গুরুত্ব বহন করছে। কারণ ২০০৪ সালে আন্তর্জাতিক পরিবার বর্ষের দশম বর্ষপূর্তি। তাই আন্তর্জাতিক পরিবার দিবস উপলক্ষ্যে জাতীয়, আঞ্চলিক ও বিশ্ব পর্যায়ে আমরা পরিবার বর্ষের প্রকৃত লক্ষ্য ও মূলনীতিসমূহের তাৎপর্যকে স্মরণ করব।

গত দশ বছরে বেশ অগ্রগতি সাধিত হয়েছে। অনেক সদস্য রাষ্ট্র জাতীয় কর্মসূচিকে প্রাতিষ্ঠানিক রূপ দান করেছে। পারিবারিক দৃষ্টিভঙ্গিকে জাতীয় আইন, নীতি প্রণয়ন এবং কর্মসূচি উন্নয়নের সাথে সম্পৃক্ত করার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। পারিবারিক বিষয়ের উপর গবেষণা আরো সমৃদ্ধ হচ্ছে এবং নীতি ও কর্মসূচিগুলো তথ্যবহুল হচ্ছে। অন্যদিকে জাতিসংঘের মধ্যকার সহযোগিতা বিশ্ব কর্মপরিকল্পনার কাঠামো তৈরিতে অবদান রাখছে।

সুশীল সমাজ পরিবারের সমর্থনে কর্মসূচি ও কার্যক্রমের সম্বন্বয়সাধন ও উদ্বুদ্ধকরণে অবদান রাখছে। প্রকৃতপক্ষে সকল স্তর ও পক্ষের মধ্যে যে স্বার্থ, অঙ্গীকার ও দৃঢ়তা পরিলক্ষিত হচ্ছে তা পরিবারের কল্যাণকে জাতীয় উন্নয়ন ও দারিদ্র বিমোচনের কেন্দ্রীয় বিষয়ে পরিণত করেছে।

এখনও অনেক কিছু করার বাকি আছে। আজ আন্তর্জাতিক পরিবার দিবসে প্রতিটি পরিবার তাদের সদস্য, সম্প্রদায় ও সমাজ জীবনে যে অবদান রাখছে তার স্বীকৃতি ও নীতি প্রণয়নে কাজ করে যেতে আমি সরকার, সুশীল সমাজ ও ব্যক্তিবিশেষের প্রতি আহ্বান জানাচ্ছি। পরবর্তী প্রজন্মের মঙ্গলের জন্য পরিবারকে টিকিয়ে রাখে এবং সহায়তা করে এমন একটি পরিবেশ নিশ্চিত করতে আসুন আমরা অঙ্গীকারাবদ্ধ হই।

\*\* \*\* \*